
# জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কোর্সে অনলাইন ভর্তি প্রক্রিয়ার


# “অ্যাপ্লিকেশন মডিউল” এর ব্যবহার বিধি

**১.**

প্রথমে একজন প্রার্থীকে নির্দিষ্ট ওয়েব লিংক-এ যেতে হবে। যাবার পর সে এরকম একটি পেজ দেখতে পাবে।



এরপর তার এসএসসি এবং এইচএসসি-র তথ্য দিয়ে নেক্সট বোতামে ক্লিক করতে হবে। এরপর তার তথ্য যদি সঠিক থাকে এবং রেজিস্ট্রেশন করার নুন্যতম যোগ্যতা থাকে তাহলে তার অন্যান্য তথ্য সহ নিচের screen এর মত দেখাবে।



**National University**
**Online Admission System**

**1st year Bachelor's(Hons) Admission**
**Session : 2013-2014**

For any enquiries, please contact us: 01966894702-3, 01955070297-9

APPLICATION FORM

1 Step-1 SSC, HSC or Equivalent Info | 2 Step-2 Education & Personal Info | 3 Step-3 College and Subject Selection | 4 Step-4 Select Your Desired Quota | 5 Step-5 Upload Your Recent Photo

SSC,HSC OR EQUIVALENT RESULT


| SSC or Equivalent Information | | HSC or Equivalent Information | |
|---|---|---|---|
| Roll: | 140831 | Roll: | 138397 |
| Board: | DHAKA | Board: | DHAKA |
| Passing year: | 2011 | Passing year: | 2013 |
| GPA: | 4.38 | GPA: | 3.4 |

PERSONAL INFORMATION

| | | | |
|---|---|---|---|
| Applicant's Name: | MD. RAJIB HOSSAIN | | |
| Father's Name: | ABDUL WADUD MOLLAH | Mother's Name: | NOORJAHAN BEGUM |
| Date of Birth: | 05/08/1996 | Sex: | Male Click to change |


Previous | Next | Preview Application

এখানে যদি তার সব তথ্য যেমন তার নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ এবং লিঙ্গ সঠিক থাকে তাহলে Next বোতামে ক্লিক করতে হবে। এখানে যদি তার লিঙ্গ ভুল থাকে তাহলে সে তার লিঙ্গ পরিবর্তন করতে পারবে। তবে এখানে এই পরিবর্তনের জন্য সে সম্পূর্ণ দায়ী থাকবে এবং পরিবর্তনে ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। অনুরুপ ভাবে তার জন্ম তারিখ যদি ভুলে ২২ বছরের বেশী থাকে তাহলে তার সঠিক জন্ম তারিখ দিতে পারবে। তবে এ পরিবর্তনের জন্য সে সম্পূর্ণ দায়ী থাকবে।




এর পর তৃতীয় ধাপে সে তার কলেজ এবং বিষয় পছন্দ করবে। এখানে লক্ষনীয় বিষয় হচ্ছে, সর্ব বামে Eligible Courses কলামে সে তার যোগ্য বিষয় তালিকা দেখতে পাবে। এর পর দ্বিতীয় কলাম থেকে কলেজ নির্বাচন করবে। এজন্য তাকে প্রথমে Division নির্বাচন করে পরে জেলা নির্বাচন করতে হবে। তারপর তার পছন্দের কলেজ নির্বাচন করতে হবে। কলেজ নির্বাচন করার পর পরই সে তার ঐ কলেজের যোগ্য বিষয় দেখতে পাবে। সেগুলো সে ইতোপূর্বে পড়ার জন্য যোগ্য হয়েছে (সর্ব বামের কলাম থেকে)। সে এখান থেকে ঐ কলেজের বিষয় (তৃতীয় কলাম থেকে) তার পছন্দ ক্রম অনুসারে তার বিষয় নির্বাচন করবে। এ জন্য সে তার প্রথম পছন্দের বিষয়ের উপর ১ ক্লিক করবে সাথে সাথে তার ঐ বিষয় চয়েজ লিষ্টে চলে যাবে (চতুর্থ কলামে যাবে)। এ ভাবে দৃতীয় বিষয়, তৃতীয় বিষয় ইত্যাদি বিষয় নির্বাচন করবে। এখানে সর্বোচ্চ ১৫টি বিষয় নির্বাচন করতে পারবে।


এরপর বিষয় নির্বাচন শেষ হলে Next বোতামে ক্লিক করতে হবে। এর চতুর্থ ধাপে সে যদি কোটা এর যোগ্য হয় সে কোটাতে Yes Select করে তার যে কোটায় যোগ্য সেটি নির্বাচন করে Next বোতামে ক্লিক করতে হবে।





এরপর সর্বশেষ ধাপে সে তার ছবি সংযোজন করবে। এখানে লক্ষ্যণীয় বিষয় হচ্ছে ছবির সাইজ ১২০ x ১৫০ Pixel, ফরম্যাট .jpg এবং 50 KB এর বেশী নয় এরকম সমপ্রতি তোলা পাসপোর্ট ছবি দিতে হবে। ছবির সাইজ অন লাইন থেকে ইডিট করা যাবে। এজন্য ছবি নীচে থাকা লিংকে ক্লিক করে ঐ ওয়েব সাইটে যেয়ে অন লাইন-এ ছবি ইডিট করতে পারবে। ছবি সংযোজন শেষ হলে সর্বশেষে পরীক্ষার্থীর নিজের মোবাইল number দিতে হবে। পরবর্তীতে যে কোন যোগাযোগ করার জন্য এই number ব্যবহৃত হবে।


National University
Online Admission System
1st year Bachelor's(Hons) Admission
Session : 2013-2014
For any enquiries, please contact us: 01966894702-3, 01955070297-9
APPLICATION FORM
1 Step-1 SSC, HSC or Equivalent Info
2 Step-2 Education & Personal Info
3 Step-3 College and Subject Selection
4 Step-4 Select Your Desired Quota
5 Step-5 Upload Your Recent Photo
PROVIDE PHOTO & MOBILE NUMBER
Upload your photo *
Browse...
nu274.jpg
[Click here to edit your photo online.]
Mobile No. *
01727360532
Previous
Next
Preview Application
Copyright © 2013 National University, Gazipur-1704, Bangladesh
Technical Assistance : Institute of Information and Communication Technology(IICT), BUET

এরপর তার সব তথ্য এক নজরে দেখার জন্য Preview application এ ক্লিক করতে হবে। এখানে সে তার সব তথ্য এক সাথে দেখতে পারবে। সব তথ্য সঠিক থাকলে submit application বোতামে ক্লিক করতে হবে। এরপরক কিছুক্ষণ অপেক্ষা করতে হবে। submit করার পর admission Roll No. এবং PIN Number দেখতে পাবে এবং পাশে Download Admit Card দেখতে পাবে। এখানে তাকে অবশ্যই Admit Card Download করতে হবে এবং Admission Roll No. ও PIN Number সেভ রাখতে হবে। এই admission Roll No. তার অনার্স ভর্তি পরীক্ষার রোল number হিসাবে গণ্য হবে। PIN Number টি গোপন রাখতে হবে। পরবর্তীতে এই Admission Roll No. ও PIN Number দিয়ে তার student Login এ নিজের প্রোফাইল দেখতে পারবে। এটি দ্বিতীয় ভাগে বিস্তারিত বলা আছে।








Admission Roll No. ও PIN Number সেভ করে Admit Card Download করলে এই পর্যায়ের কাজ শেষ এবং Exit দিয়ে বের হয়ে আসতে হবে।

**দ্বিতীয় ভাগ:**

Student Login থেকে সে তার নিজের প্রোফাইল দেখতে পারবে।




বাম পাশে থাকা এখানে সে তার সর্বশেষ অবস্থা দেখতে পারবে। যেমন View application ক্লিক দিলে নিচের মত স্ক্রিন দেখা যাবে।





যদি লাল রং-এর মাঝে Submitted লেখা থাকে তাহলে সে রেজিস্ট্রেশন করেছে কিন্তু কলেজ Receive করে নাই।

Change applicant's Photo তে ক্লিক করে তার ছবি পরিবর্তন করতে পারবে। তবে এখানে তাকে অবশ্যই নতুন admit card download করতে হবে। download কৃত admit card টি এবং নির্দিষ্ট ফি দিয়ে কলেজে জমা দিয়ে Student কপি নিয়ে আসতে হবে। এটি পরীক্ষার হলে admit card হিসাবে গণ্য হবে।



যদি কলেজ রিসিভ করে তাহলে ঐ applicant একটি confirmation SMS পাবে। এবং Status থেকে সবুজ রংয়ের মাঝে Received লেখা হয়ে যাবে। Receive হওয়ার পর তার কোন তথ্য পরিবর্তন করতে পারবে না।




নোটিশ বোর্ডে ক্লিক করে ন্যাশনাল ইউনিভারসিটি থেকে গুরুপূর্ণ নোটিশ দেখতে পারবে। এবং সর্বশেষে

এবং সর্বশেষে Logout- এ ক্লিক করে বের হয়ে আসতে হবে।